দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUN 1 1 1999
পৃষ্ঠা 2 কলাম 2

## শিক্ষা খাতে সর্বোচ্চ ৫ হাজার ১৪৯ কোটি টাকা

সংসদ রিপোর্টার ॥ বৃহস্পতিবার ঘোষিত ১৯৯৯-২০০০ অর্থবছরের জাতীয় বাজেটে শিক্ষা খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে। রাজস্ব ও উন্নয়ন খাতে মোট ৫ হাজার ১৪৯ কোটি ২৮ লাখ টাকা বরাদ্দ রাখা হয়েছে।

অর্থমন্ত্রী শাহ এএমএস কিবরিয়া তাঁর বাজেট বক্তৃতায় জানান, বর্তমান সরকারের ৩ বছরের মধ্যে শিক্ষা খাতে বার্ষিক ব্যয় প্রায় ১৬২৭ কোটি টাকা বাড়ানোর প্রস্তাব করা হয়েছে। '৯৫-৯৬ সালের তুলনায় এ খাতে বার্ষিক ব্যয় বাড়বে প্রায় ৪৬ শতাংশ। অর্থমন্ত্রী নতুন বাজেটে প্রতিরক্ষা বাহিনীর

(২- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## শিক্ষা খাতে সর্বোচ্চ

(প্রথম পাতার পর)

জন্য ২ হাজার ৯৯৬ কোটি ৭২ লাখ টাকা বরাদ্দের প্রস্তাব করে বলেন, এ বরাদ্দ বিদায়ী বছরের তুলনায় ৮ শতাংশ বেশি। এই ব্যয় বৃদ্ধি বর্তমান মূল্যস্ফীতির হারের সাথে সঙ্গতিপূর্ণ। তিনি মুক্তিযোদ্ধাদের কল্যাণে বাজেট বরাদ্দের পরিমাণ ১৪ কোটি ৫১ লাখ টাকায় উন্নীত করারও প্রস্তাব করেন।